গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি

এবং

জেলা প্রশাসক, ঝালকাঠি

এঁর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৪

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩-৪
প্রস্তাবনা	৫
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৬
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	৭
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৮-১১
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১৪
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৫-১৭
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৮-১৯
পরিশিষ্ট খ: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সুশাসনমূলক কর্মপরিকল্পনাসমূহ সংযোজনী ৫-৯	২০
সংযোজনী ৫: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	২১-২২
সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩	২৩
সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	২৪
সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	২৫
সংযোজনী ৯: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা,২০২২-২৩	২৬

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজাপুর, ঝালকাঠি এর
কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of office of the Upazila Nirbahi Officer, Rajapur, Jhalakathi)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় "রূপকল্প-২০৪১" বাস্তবায়নে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে উপজেলা প্রশাসন. রাজাপুর, ঝালকাঠি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিগত ৩(তিন) বছরের প্রধান অর্জনসমূহ নিম্নরূপ:

০১. মুজিব শতবর্ষ উপলক্ষে এ উপজেলায় আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় ভূমিহীন ও গৃহহীন ৫৯১টি পরিবারকে একক গৃহ প্রদান করা হয়েছে;

০২. সরকার নির্ধারিত সকল কমিটির সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের মাধ্যমে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা, গত তিন বছরে আইন শৃঙ্খলা সভা ৩৬টি এবং অন্যান্য কমপক্ষে ১৬০টি সভা আয়োজন করে সরকারি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে;

০৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, জনসেবা সহজীকরণ এবং সেবার মান বৃদ্ধি করার লক্ষ্যে অনলাইনের মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে;

০৪. জনস্বার্থ নিশ্চিত করণার্থে বিগত ৩(তিন) বছরে ১৪৫টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে;

০৫. জনবান্ধব প্রশাসন হিসেবে জনগণকে সেবা প্রদানের জন্য উপজেলা প্রশাসন, রাজাপুর, ঝালকাঠি কর্তৃক ইতোমধ্যে দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম সহজতর করতে ডিজিটাল ওয়েবসাইট ব্যবহার এ আপলোডকরণ, Wi-Fi স্থাপন, নাগরিক সেবা সহজীকরণ করা হয়েছে;

০৬. সুশাসন নিশ্চিতকল্পে সিটিজেন চার্টার প্রণয়ন ও উন্মুক্ত স্থানে স্থাপনকরণ;

০৭. তথ্য প্রযুক্তি ব্যবহার করে নাগরিক সমস্যা সমাধান করা হচ্ছে;

০৮. বিগত দুই বছরে কোভিড-১৯ অতিমারিতে জনগণকে সব ধরণের সহযোগিতা প্রদান করা এবং করোনা ভ্যাক্সিন কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য স্বাস্থ্য বিভাগকে সহযোগিতা করা হয়েছে;

০৯. আইন শৃঙ্খলা নিয়ন্ত্রন ও নিরাপত্তা রক্ষার নিমিত্ত উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক ও জনবহুল স্থানে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

১০. সাইক্লোন সেন্টার প্রস্তুত রেখে বন্যা, ঘূর্ণিঝড় ও অন্যান্য দুর্যোগ থেকে মানুষের জানমাল রক্ষা করা এবং পবিত্র ঈদ, দুর্গাপূজাসহ অন্যান্য ধর্মীয় উৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

জনকল্যাণ নিবেদিত উন্নয়নমুখী এবং তথ্য প্রযুক্তি নির্ভর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রধান সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হলো:

১. এলাকার জনগণের মধ্যে সচেতনতার অভাব;

২. উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদে দক্ষ জনবল সংকট;

৩. পর্যাপ্ত অবকাঠামোর সীমাবদ্ধতা ও অপ্রতুল বরাদ্দ;

৪. বেকার যুবক/যুবতী, স্কুল পড়ুয়া কিশোর ও শ্রমিক শ্রেণির লোকদের মধ্যে মাদক সেবন ও বাল্য বিবাহের প্রবণতা;

৫. অর্থ বছরের একেবারে শেষ দিকে উন্নয়নমূলক প্রকল্পের বরাদ্দ প্রাপ্তি;

৬. আধুনিক ও তথ্যপ্রযুক্তি নির্ভর অফিস ব্যবস্থাপনার সরঞ্জামের অভাব।

ভবিষ্যৎ পরিকল্পনা:

১. বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা;
২. প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কর্মচারী ও জনগণের দক্ষতা বৃদ্ধি;
৩. D-নথি ব্যবস্থাপনার মাধ্যমে অফিস ব্যবস্থাপনায় গতি সঞ্চার করার লক্ষ্যে চাহিদা অনুযায়ী কম্পিউটার ও স্ক্যানার এর ব্যবস্থা করা;
৪. জনসেবা প্রদানের লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরি;
৫. অবকাঠামোগত উন্নয়ন;
৬. মাদকবিরোধী, বাল্য বিবাহ নিরোধে অভিযান ও সভা সমাবেশ জোরদারকরণ;
৭. সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতাভূক্তদের ডাটাবেইজ তৈরি করা।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

১. ইউনিয়ন পর্যায়ে জন জনপ্রতিনিধি ও কর্মচারীগণকে শুদ্ধাচার কৌশল ও বাস্তবায়ন বিষয়সহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে সৎ, দক্ষ ও দেশপ্রেমিক হিসেবে প্রস্তুত করা;
২. কর্মকর্তা ও কর্মচারীদের অফিস ব্যবস্থানা ও আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানপূর্বক দক্ষ জনবলে রূপান্তর;
৩. নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা;
৪. সভা সমাবেশের মাধ্যমে মাদকদ্রব্যের অপব্যবহার ও বাল্য বিবাহ প্রতিরোধ করা;
৫. ভূমি সংক্রান্ত সেবা সততা ও দক্ষতার সাথে প্রদান করা;
৬. সরকার নির্দেশিত সকল উন্নয়ন ও প্রচারণামূলক কার্যক্রম শতভাগ নিশ্চিত করা;
৭. প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলোতে "বাংলাদেশের ইতিহাস জানো " শীর্ষক উদ্ভাবনী কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীদের বাংলাদেশের সঠিক ইতিহাস জানানো এবং তাদের মধ্যে দেশপ্রেম জাগ্রত করে সুনাগরিক হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা।

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি

এবং

জেলা প্রশাসক, ঝালকাঠি

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: